আলমডাঙ্গায় পরিত্যক্ত খালে মিলল নিখোঁজ ভ্যান চালকের মরদেহ

আলমডাঙ্গায় নিখোঁজের দুইদিন পর পরিত্যক্ত খাল থেকে আলমগীর হোসেন (৪০) নামে এক ভ্যানচালকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আজ শুক্রবার সকালে উপজেলার চিৎলা ইউনিয়নের আইন্দিপুর মাঠ থেকে তার মরদেহটি উদ্ধার করা হয়।

নিহত আলমগীর হোসেন (৪০) উপজেলার ভালাইপুর মাঝেরপাড়া এলাকার বীর মুক্তিযোদ্ধা মৃত আব্দুস সাত্তারের ছেলে। গত ২ অক্টোবর বাড়ি থেকে নিখোঁজ হয় সে।

পুলিশ জানায়, নিহত আলমঙ্গীর হোসেন ব্যাটারি চালিত ভ্যানের চালক ছিল। গত ২ অক্টোবর সন্ধ্যায় বাড়ি থেকে ভ্যান নিয়ে বের হয়ে আর ফেরেনি সে। অনেক খোঁজাখুঁজির পরও তাকে না পেয়ে পরিবারের সদস্যরা আলমডাঙ্গা থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেন।

নিহতের ভাই জহুরুল ইসলাম জানান, গত বুধবার সন্ধ্যায় তার ভাই আলমঙ্গীর হোসেন ব্যাটারি চালিত ভ্যান নিয়ে বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেনি। ওই দিন রাতে বাড়ি না ফিরলে তাকে অনেক খোঁজাখুজি করা হয় এবং আলমডাঙ্গা থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়। শুক্রবার সকালে আইন্দিপুর মাঠের একটি বাঁশ বাগানের মধ্যে পরিত্যক্ত খাল থেকে তার মরদেহটি উদ্ধার করা হয়। তবে ভ্যানটি পাওয়া যায়নি। তার ধারণা, তার ভাই আলমঙ্গীকে হাত-পা বেধে হত্যা করে ভ্যান নিয়ে পালিয়েছে দুর্বৃত্তরা।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) শেখ গনি মিয়া জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। মরদেহ উদ্ধার হয়েছে। পরিবারের কোনো অভিযোগ থাকলে মামলা নেওয়া হবে।

কোটচাঁদপুরে গ্রীন হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারের শুভ উদ্ভোধন

মানুষকে স্বাস্থ্য সেবা দিতে কোটচাঁদপুরে পথ চলা শুরু করলেন গ্রীন হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার। আজ শুক্রবার তারিখে দোয়ার মধ্যদিয়ে স্থানীয় বলুহর স্ট্যান্ডে শুভ উদ্ভোধন হয়েছে প্রতিষ্ঠানটির।

জানা যায়, গ্রীন হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার একটি সেবা মূলক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি মানুষের স্বাস্থ্য সেবা দিতে শুক্রবার সকালে কোটচাঁদপুর – কালীগঞ্জ মহাসড়কের পাশে বলুহর স্ট্যান্ডে আনুষ্ঠানিক ভাবে পথ চলা শুরু করেছেন।

ফিতে কেটে ও দোয়া অনুষ্ঠানে মধ্য দিয়ে প্রতিষ্ঠানটি উদ্ভোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ঝিনাইদহ জেলা নয়েবে আমির অধ্যাপক মোঃ মতিয়ার রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা জামায়াতের আমীর আজিজুর রহমান, সাবেক উপজেলা জামায়াতের আমীর ও চেয়ারম্যান তাজুল ইসলাম, মহেশপুর উপজেলা জামায়াতের আমীর অধ্যাপক মোঃ ফারুক আহমেদ, ঝিনাইদহ জেলা ছাত্র শিবিরের সভাপতি সাবেক ওমর ফরুক।

অনুষ্ঠানে কোরআন তেলাওয়াত করেন হাফেজ মোঃ আবু সাঈদ। অতিথিবৃন্দরা প্রতিষ্ঠানটির পথ চলায় শুভ কামনা করেন। সাথে সাথে সার্বিক সহযোগিতারও আশ্বাস দেন তারা।

হরিণাকুণ্ডু ইউনিয়নের স্কুল

কলেজ দখল ইউপি চেয়ারম্যান ঝন্টুর কোটি টাকার নিয়োগ বাণিজ্য!

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার কাপাশহাটীয়া ইউনিয়নের চেয়ারম্যান শরফতদৌলা ঝন্টু ইউনিয়নের স্কুল কলেজ দখল করে বাবা, ভাই ও অনুসারিদের সভাপতি বানিয়ে কোটি টাকার উপরে নিয়োগ বাণিজ্য করেছে। ইউনিয়নে তার ভয়ে কথা বলারমত শাহস করতেন না কেউ। স্কুল, কলেজ হাট বাজার, বাউড় সবই ছিল তার দখলে। তিনি কখনো আওয়ামী লীগের এমপি, কখনো উপজেলা চেয়ারম্যান, কখনো দলীয় নেতাদের লাঠিয়াল বাহিনি হয়ে একাধিক মানুষের উপর হামলা ও মারধর করেছেন। শেখ হাসিনা সরকারের পতনের পর একের পর এক সবাই মুখ খুলতে শুরু করেছে।

ঝন্টু চেয়ারম্যান তার ইউনিয়নেনর ঘোড়াগাছা লাল মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, ল্যাব সহকারী, অফিস সহায়ক, আয়া, নিরাপত্তা কর্মী, পরিচ্ছন্নতা কর্মী ও নৈশ প্রহরী নিয়োগ দিয়ে ৮২লক্ষ টাকা বাণিজ্য করেছে। গত ২০২২/২০২৩ সালে এই নিয়োগ সম্পন্ন করেণ। এর মধ্যে প্রধান শিক্ষক পদে শিল্পি খাতুনের নিকট থেকে ৪ লাখ, সহকারী প্রধান শিক্ষক মোহন কুমারের নিকট থেকে ১৫ লাখ, অফিস সহায়ক আকিমুলের নিকট থেকে ৯লাখ, ল্যাব সহকারী তানভিরের নিকট থেকে ১৪ লাখ, আয়া রুমানার নিকট থেকে ১০ লাখ, পরিচ্ছন্নতা কর্মী মুন্নার নিকট থেকে ৯লাখ, নিরাপত্তা কর্মী অচিন্তের নিকট থেকে ১১ লাখ ও নৈশ প্রহরী দুর্জয় এর নিকট থেকে ১০ লাখ ঘুষ নিয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।
এছাড়া বাবা গোলাম রহমানকে ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি বানিয়ে ৩জন কর্মচারী নিয়োগ দিয়ে ২২লাখ টাকার নিয়োগ বাণিজ্য করেছে। এর মধ্যে অফিস সহায়ক শাহীন এর নিকট থেকে ৮লাখ, নিরাপত্তা কর্মী মানোয়ার হোসেন মন্টুর নিকট ৯লাখ এবং পরিচ্ছন্না কর্মী রাম কুমার বাশফোড়ের নিকট থেকে ৫ লাখ টাকা হাতিয়ে নিয়েছে।

এছাড়াও ছোট ভাই এ্যাড. আশরাফুল ইসলামকে হাজী আরশাদ আলী কলেজের সভাপতি বানিয়ে নিজের ছেলেকে অফিস সহকারী পদে নিয়োগ দিয়েছে আর অন্য দুই প্রার্থীর নিটে থেকে ২৩লাখ টাকা বাণিজ্য করেছে। তাদের মধ্যে তমাল হোসেনের নিকট থেকে ১৫ লাখ এবং িআশক রহমানের নিকট থেকে ৮লাখ টাকার নিয়োগ বাণিজ্য করেছে। এছাড়া ইউনিয়নের অন্যান্য

স্কুলেও প্রভাব একাধিক প্রার্থীর নিয়োগের টাকা হাতিয়ে নিয়েছে।

ঘোড়াগাছা মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক শিল্পি খাতুন বলেন, চেয়ারম্যান শরফতদৌলা ঝন্টু তার নিজের মত স্কুলের কমিটি গঠন করেছিলো । পরে নিয়োগ দিয়েছে। এতে আমার কোন হাত নেই। আমি প্রধান শিক্ষক বাধ্য হয়ে সব সময় সব কাজে স্বাক্ষর করেছি।

ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী ইউনুচ আলী বলেন, আমি বংশীয় লোক। আমি নিয়োগ দিয়ে কোন টাকা/ঘুষ নিইনি। মাত্র ৩ লক্ষ টাকা নিয়োগের খরচ বাবদ নেওয়া হয়েছিলো। নিয়োগের খরচের পর বাকী টাকা বিদ্যালয়ের রুম করা হয়েছে ও সভাপতির নিকটে আছে।

কাপাশহাটীয়া হাজী আরশাদ আলী ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জাকির হোসেন বলেন, সরকরী নিয়ম মাফিক নিয়োগ হয়েছে। বাকীটা সভাপতি জানেন।

কাপাশহাটীয়া ইউনিয়নের চেয়ারম্যান শরফতদৌলা ঝন্টু বলেন, টাকা পয়সা দিয়ে কাওকে চাকুরী দিই নি। এর কোন ভিত্তি নেই। এসব ভিত্তিহীন কথা।

সীরাতুন্নবী (স:) উপলক্ষে ঝিনাইদহ উকিল বারে আলোচনা সভা অনুষ্ঠিত

সীরাতুন্নবী (স:) উপলক্ষে ঝিনাইদহ উকিল বারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ল’ ইয়ার্স কাউন্সিল ঝিনাইদহ শাখার উদ্দ্যেগে গতকাল বৃহস্পতিবার বিকালে ঝিনাইদহ আইনজীবী সমিতির তৃতীয় তলায় এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অ্যাড. শফিউল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়াতের আমীর অধ্যাপক আলী আজম মোঃ আবু বক্কর।

প্রধান আলোচক হিসেবে ছিলেন জামায়াত নেতা অধ্যাপক মতিয়ার রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাড. আব্দুর রশিদ বিশ^◌াস। সঞ্চালনায় ছিলেন অ্যাড. রফিকুজ্জামান।

এছাড়াও আলোচনা সভায় বাংলাদেশ ল’ ইয়ার্স কাউন্সিল ঝিনাইদহ শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভার মুল প্রতিপাদ্য বিষয় ছিলো “রাসুল (স:) জীবনেই রয়েছে তোমাদের জন্য সর্বোত্তম আদর্শ”।

মেহেরপুর-কুষ্টিয়া সড়কে ঘন্টাব্যাপি গণডাকাতি, ছুরিকাঘাতে চালক গুরুতর আহত

মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার আকুবপুর নামক স্থানে গণডাকাতির ঘটনা ঘটেছে। এসময় ডাকাতদের ছুরিকাঘাতে একজন চালক গুরুতর আহত হয়েছেন। মারপিট করা হয়েছে চালকের সহকারিকেও।

আজ শুক্রবার (৪ অক্টোবর) রাত ৩ টার দিকে গাংনী উপজেলার আকুবপুর নামক স্থানে ঘন্টাব্যাপি এই গণডাকাতির ঘটনা ঘটেছে।

ডাকাতরা গাড়ির গতিরোধ করে একটি দুরপাল্লার নৈশকোচসহ, এ্যাম্বুলেন্স, মাইক্রোবাস, আলগামন, নছিমনসহ অন্তত ৬/৭ টি ছোট বড় যানবাহন থেকে ডাকাতি করে নিয়ে যায়।

শ্যামলী পরিবহনের যাত্রী মেহেরপুর শহরের আব্দুল আলীম ও নছিমন চালক সরাফত আলী বলেন, ২০/২৫ জনের একটি সশস্ত্র ডাকাত দল রাস্তায় বেরিকেড দিয়ে কয়েকটি আলগামন ও মাইক্রোবাস আটকিয়ে ডাকাতি শুরু করে। পরে শ্যামলী পরিবহনের বাসসহ অন্যান্য যানবাহনগুলি আটকিয়ে ডাকাতি শুরু করে। শ্যামলী পরিবহনের ভিতরে ডাকাতদের প্রবেশে বাধা দিলে তারা জোর করে উঠে প্রথমে চালকের মুখের উপর ছুরিকাঘাত করে। চালক মুস্তাফিজুর রহমান স্বপন মারাত্বক আহত হন। পরে চালকের সহকারি বাচাতে এলে তাকেও বেদম প্রহার করে ডাকাতরা। এসময় পরিবহণের

যাত্রীসহ অন্যান্য যানবাহনের লোকজনকে অস্ত্রের মুখে জিম্মি করে ডাকাতি শুরু করে। অন্তত ৩০/৪০ জনের কাছ থেকে কয়েক লক্ষ টাকা, মোবাইল ফোনসহ অন্যান্য জিনিসপত্র লুট করে নিয়ে যায়। পরে শ্যামলী পরিবহনের চালক মোস্তাফিজুর রহমান স্বপনকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

চালক স্বপনের ভাই হাফিজুল ইসলাম বলেন, স্বপনের মুখ ও নাক বরাবর ছুরিকাঘাত করা হয়েছে। তার শারীরিক অবস্থা খারাপ। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনার পরপরই পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছায়। আসামিদের আটক করতে পুলিশ ইতোমধ্যে কাজ শুরু করেছেন।

ইতিবাচক মনোভাব তৈরি করে আসুন পুলিশ সাংবাদিক এক সাথে কাজ করি

৫ আগস্টের পর মেহেরপুরে যে ঘটনা ঘটেছে তা টোটাল বাংলাদেশের খণ্ডচিত্র। তার একটি প্রভাব এখানে হবে এটাই স্বাভাবিক। আপনাদের সকলের কমবেশি অবদানের কারণে মেহেরপুরে মেহেরপুরে বড় ধরণের অপ্রিতিকর ঘটনা ঘটেনি। তিনি বলেন, আমি এখন বেশি কিছু বলবোনা। আগে একটু বুঝে নিই তারপর আপনাদের মতামতগুলো নিয়ে কাজ করবো।

সাংবাদিকদের তথ্য চাওয়া নিয়ে তিনি বলেন, জেলার মানুষকে ভালো রাখার জন্য সংবাদ প্রকাশের জন্যই শুধু তথ্য না চেয়ে পুলিশকে তথ্য দিয়ে সহযোগীতার করুন। ইতিবাচক মনোভাব তৈরি করে পুলিশ সাংবাদিক এক সাথে কাজ করলে ভালো ফলাফল বয়ে আনবে। তিনি বলেন, ইতোমধ্যে

পুলিশ পেট্রলিং শুরু করা হয়েছে। খুব দ্রুত আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হবে।

আজ বৃহস্পতিবার দুপুরে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে মেহেরপুরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় কালে নবাগত পুলিশ মাকুসদা আকতার খানম, পিপিএম এসকল কথা বলেন।

পুলিশ সুপার মাকসুদা আকতার খানমের সভাপতিত্বে সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বাংলাভিশন প্রতিনিধি তুহিন আরন্য, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, কালবেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, এখন টিভি প্রতিনিধি মুজাহিদ আল মুন্না, লাখোকণ্ট প্রতিনিধি রফিকুল ইসলাম বকুল, তৃতিয় মাত্রা প্রতিনিধি তোফায়েল আহমেদ ।

মতবিনিময় সভায় অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, সহকারী পুলিশ সুপার আব্দুল করিম উপস্থিত ছিলেন।

দর্শনা ডিএস মাদরাসার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় ডিএস মাদ্রাসার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় দর্শনা কেরুজ বাজার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। দশম একাদশকে ৪-২ গোলে হারিয়ে ফাযিল একাদশ জয়লাভ করে। পুরো খেলায় ড্র হওয়াতে পরে ট্রাইবেকারে ৪-২ গোলে ফাযিল একাদশ জয়লাভ করে। খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

উক্ত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ

মোঃ শফি উদ্দিন মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন, দর্শনার ক্রীড়াঙ্গনের একজন প্রবীন খেলোয়াড় গিয়াস উদ্দিন পিনা।

এ সময় তিনি বলেন, খেলাধুলা শারীরিক ও মানুষিক বিকাশ ঘটায়। তাই আসুন “মাদককে না বলি খেলাধুলায় মনোনিবেশ করি”। আমাদের দর্শনা যেহেতু সীমান্তবর্তী ও মাদকপ্রবণ এলাকা। তাই আমাদের উচিত আমাদের সন্তানদেরকে শারীরিক ও মানসিক বিকাশ ঘটাতে লেখা-পড়ার পাশাপাশি খেলাধুলায় আগ্রহী করে তুলি।

উক্ত খেলায় মাদ্রাসার প্রভাষক আব্দুর রশিদের প্রাণবন্ত উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-আরিফুজ্জামান আরিফ, জগলুল হায়দার আফ্রিক, আবুল হোসেন, সাদিকুর রহমান মাহবুবুর রহমান সহ মাদরাসার শিক্ষক-শিক্ষিকা বৃন্দ। টুর্নামেন্টের সর্বোচ্চ গোল দাতা ফাহিম হোসেন ও ম্যান অফ দ্যা ম্যাচ আঃ মালেক। খেলাটি পরিচালনা করেন, শাহিন ও ফাহিম।

টুর্নামেন্ট পরিচালনা করেন, টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি মাওলানা মনজুর আহমেদ, সাধারণ সম্পাদক লিনা পারভীন, সদস্য- আজিজুর রহমান জাহাঙ্গীর আলম, বায়েজিদ হোসেন কাফফি, নুরুল আমিন ও রিয়াদ হোসেন।

দর্শনায় বুদ্ধি প্রতিবন্ধী ইসলাম নিখোঁজ

৪ দিন ধরে নিখোঁজ দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের রেললাইন পাড়ার ইউসুফ আলী বুদ্ধি প্রতিবন্ধী ছেলে ইসলাম (৪৭) নিখোঁজ হয়।

নিখোঁজ ইসলামের মা বৃদ্ধা মরিয়ম আত্মীয়-স্বজন ও বিভিন্ন স্থানে খোঁজাখুঁজির পর না পেলে আজ সন্ধার দিকে দর্শনা থানায় হারানো জিডি করতে গেলে খানা পুলিশ জিডি টি গ্রহণ করে না। পরে বুদ্ধি প্রতিবন্ধী ইসলামের মা বৃদ্ধা মরিয়ম হতবাক হয়ে দর্শনা

প্রেসক্লাবে সাংবাদিকদের নিকট এসে জিডি না নেওয়ার ঘটনা জানাই।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা জানান, বুদ্ধি প্রতিবন্ধী ইসলাম কুষ্টিয়ার খোকসা আত্মীয়র বাড়িতে যায়। এ সময় আত্মীয়রা ট্রেনে তুলে দিয়েছে সেখান থেকেই আর ফিরে আসিনি। ট্রেনে কোথাও চলে গেছে তাই হারানো জিডিটি খোকসা এলাকায় পুলিশের কাছে করতে হবে।

দামুড়হুদায় মাসিক খাস বন্দোবস্তে দেওয়া হলো জলমহল দলকার বিল

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার বহুল আলোচিত জলমহল দলকা লক্ষীপুর বিল এবার সরকারি ভাবে খাস বন্দোবস্ত পেল দলকা মরাগাংনী মৎসজীবি সমবায় সমিতি।

আজ বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে উপজেলা জলমহল ব্যবস্থাপনা কমিটি মাসিক ১ লক্ষ ৩০ হাজার টাকা খাস আদায়ে এই বন্দোবস্ত দেন।

জানাগেছে, সম্প্রতি এই জলমহল দলকার বিল বন্দোবস্ত দেওয়ার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সে মোতাবেক টেন্ডার আহবান করা হয়। এতে ৬টি সিডিউল বিক্রি হয়। গতকাল বৃহস্পতিবার বিকাল ৩টার দিকে যাচায় বাছায় শেষে জলমহল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতা মৎসজীবী দলকা মরাগাংনী মৎসজীবি সমবায় সমিতিকে খাস বন্দোবস্ত দেওয়া হয়। প্রতিমাসে তাদেরকে ১লক্ষ ৩০ হাজার টাকা জমা দিতে হবে। বিষয়টি নিশ্চিত করেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও খাস বন্দোবস্ত আদায় কমিটির সদস্য সচিব কেএইচ তাসফিকুর রহমান।

উল্লেখ্য এর আগে সরকারি বিধি মেনে ১৪২৫ এর পয়লা বৈশাখ হতে ১৪৩০ বঙ্গাব্দের চৈত্রের শেষ দিন পর্যন্ত হেমায়েতপুর মৎস্যজীবী সমবায় সমিতিকে ছয় বছরের জন্য বন্দোবস্ত দেওয়া হয়েছিলো। ইজারা পাওয়ার

পর দুইদিনের মাথায় সমিতির সভাপতি কামাল খান জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেনকে সাবলিজ দিয়ে দেন।

আলমডাঙ্গায় বৈষম্যবিরোধী আন্দোলনে হামলার মামলায় আওয়ামীলীগের তিন কর্মী গ্রেপ্তার

৪ আগস্ট আলমডাঙ্গায় ছাত্র-জনতার উপর হামলার মামলায় আওয়ামীলীগের তিন কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ বৃহস্পতিবার রাতে আলমডাঙ্গা থানাপুলিশ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন- উপজেলার জেহালা ইউনিয়ন স্বেচ্ছাসেবকলীগের সভাপতি রহিদুল ইসলাম (৪৮), সাবেক ইউনিয়ন আওয়ামীলীগ নেতা ডা: জাহান আলী ও কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগ নেতা কাজল আলী (৩২)। তারা সকলে ৪ আগস্টে হামলার ঘটনায় দায়েরকৃত মামলার অজ্ঞাত নামা আসামী।

জানাগেছে, আলমডাঙ্গায় গত ৪ আগস্ট ছাত্র-জনতার উপর হামলা চালায় আওয়ামীলীগ ও তাঁর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। ওই ঘটনায় (১৬ আগস্ট) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী ওবাইদুল্লাহ বাদী হয়ে আলমডাঙ্গা থানায় আওয়ামীলীগের অঙ্গসংগঠনের ৪৭ জন নেতাকর্মীর নাম উল্লেখ করে অজ্ঞাত আরও ৬০/৭০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেন। ওই মামলায় অজ্ঞাত নামা আসামী হিসেবে তাদের গ্রেপ্তার করেছে পুলিশ।

আলমডাঙ্গা থানার (ওসি) শেখ গণি মিয়া জানান, ৪ আগস্টে ছাত্র-জনতার উপর হামলার ঘটনায় দায়েরকৃত মামলাটি তদন্ত চলছে। তদন্তে ওই ঘটনার সাথে জড়িত থাকার সত্যতা পাওয়ায় তাদের আটক করা হয়। পরে ওই মামলায় তাদের জেল হাজতে পাঠানো হয়েছে।